

# ছাত্রলীগকর্মীকে ক্যাম্পাস থেকে তুলে নেওয়ার অভিযোগ

পাবিপ্রবি  
প্রতিনিধি

০৭ সেপ্টেম্বর,  
২০২৪ ১৬:৫২

শেয়ার

অ +

অ -



ছাত্রলীগকর্মী অনিক খান। সংগৃহীত ছবি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) ছাত্রলীগের এক কর্মীকে ক্যাম্পাস থেকে তুলে নেওয়ার অভিযোগ উঠেছে। ওই ছাত্রলীগকর্মীর নাম অনিক খান। তিনি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নাইমুর

নাহিদ ইমনের অনুসারী ছিলেন এবং ব্যবসায় প্রশাসন বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী। আজ শনিবার (৭ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটেছে বলে জানা যায়।

অনিকের বন্ধু ও প্রত্যক্ষদর্শী আসিফ বলেন, ‘আমরা তিনজন একসঙ্গে বের হয়ে একাডেমিক ভবনের নিচে আসি। তখন দুটি মোটরসাইকেল এসে অনিককে একটা মোটরসাইকেলে তুলে নেয়। মোটরসাইকেলের নাম্বারপ্লেট গামছা দিয়ে বাঁধা ছিল। মোটরসাইকেলে কে বা কারা ছিল তাদের আমরা চিহ্নিত করতে পারিনি।

তবে অনিককে তুলে নেওয়ার পর থেকে তার ফোন নম্বর বন্ধ পাওয়া যায়। আমরা ওকে নিয়ে চিন্তিত।’

বিষয়টি জানার জন্য অনিকের মুঠোফোনে বারবার কল দেওয়ার চেষ্টা করলেও তার মুঠোফোনটি বন্ধ পাওয়া যায়।

এ বিষয়ে বিভাগটির চেয়ারম্যান অধ্যাপক ড. কামরুজ্জামান বলেন, ‘সকাল সাড়ে ১১টার দিকে আমরা ওর বিষয়টি শুনেছি।

আমরা ওকে খোঁজার চেষ্টা করেছি। কিন্তু এখন পর্যন্ত কোনো খোঁজ পাইনি।’

প্রসঙ্গত, গতকাল রাতে অনিক খানকে নিয়ে বিশ্ববিদ্যালয়ের একটি ফেসবুক গ্রুপে একটি অ্যানোনিমাস পোস্ট করা হয়। ওই পোস্টে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের একটি সিটকে কেন্দ্র করে ছাত্রলীগ নেতা নাইমুর নাহিদ ইমন, অনিক খান এবং বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহসম্পাদক মোহাম্মদ হাসানের বিরুদ্ধে ২১২ নম্বর রুমে এক শিক্ষার্থীকে নির্যাতনের অভিযোগ করা হয়।